G.O Letter-2012(S)- 92

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
(ক্রীড়া-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৮০.২৫.০০১.৮৯-৮৫

তারিখঃ ১৩ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ
২৬ এপ্রিল, ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,
৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

মহোদয়,

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ১৯ এপ্রিল, ২০১৭ তারিখের পত্র নং ৩৪.০৪.০২০০.০০৪.০০.১৭৬.১৫-২১৪ এর প্রেক্ষিতে আগামী ০৩-০৬ মে, ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত মালয়েশিয়ার ইপোতে হাই পারফরমেন্স হকি কোচেস কোর্স অনুষ্ঠিত হবে। উক্ত কোচেস কোর্স এ অংশগ্রহণের নিমিত্ত বিকেএসপি'র **কোচ (হকি), জনাব শেখ মোঃ নান্নু** কে নিম্নেবর্ণিত শর্তে ০১ মে, ২০১৭-০৮ মে, ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ইপো, পেরাক, মালয়েশিয়াতে অবস্থানের জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো ।

শর্তাদিঃ-

(ক) এ ভ্রমণে অনুমিত ব্যয় ৭৩,০০০/-(তিয়াত্তর হাজার ) টাকা বিকেএসপি'র রাজস্বখাত থেকে বহন করা হবে। এক্ষেত্রে যতদূর সম্ভব ব্যয় সংকোচন করতে হবে;

(খ) নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় মালয়েশিয়ায় অবস্থান করা যাবে না; ভ্রমন শেষে তিনি স্ব-কর্মস্থলে যোগদান করবেন;

(গ) অনিবার্য কারণবশতঃ নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় অবস্থান করলে পরবর্তীতে দেশে ফিরে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক তা সমন্বয় করতে হবে;

(ঘ) মালয়েশিয়ায় তাঁর অর্জিত অভিজ্ঞতা কিভাবে বিকেএসপিতে প্রয়োগ করবেন তার একটি নাতিদীর্ঘ প্রতিবেদন দেশে ফেরার ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত/-
(মোরশেদা আখ্‌তার)
সহকারী সচিব
ফোন: ৯৫৪৬৫৬১।

নং-৩৪.০০.০০০০.০৮০.২৫.০০১.৮৯-৮৫

তারিখঃ-২৬ এপ্রিল, ২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (নোট ভারবাল ইস্যুর প্রয়োজনীয় নির্দেশনাদানের অনুরোধসহ)।
০২. মাননীয় হাই কমিশনার, মালয়েশিয়া হাই কমিশন, ঢাকা, বাংলাদেশ।
০৩. মাননীয় হাই কমিশনার, বাংলাদেশ হাই কমিশন, কুয়ালালামপুর, মালয়েশিয়া।
০৪. মহাপরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্টস, ঢাকা।
০৫. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
০৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
০৯. জনাব শেখ মোঃ নান্নু, কোচ (হকি), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
১০. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

মোরশেদা আখতার
২৬/০৪/২০১৭
(মোরশেদা আখ্‌তার)
সহকারী সচিব।